



প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবি'র শিক্ষকদের বহনকারি মাইক্রোবাসে হামলার ঘটনায় কোনো শিক্ষক আহত হননি

বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত সংবাদে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষকদের বহনকারি মাইক্রোবাসে হামলার ঘটনায় শিক্ষকগণ আহত হয়েছে মর্মে সংবাদ প্রচার করা হচ্ছে। বিষয়টি আমাদের দৃষ্টিগোচর হয়েছে। প্রকৃতপক্ষে উক্ত ঘটনায় নোবিপ্রবি'র কোনো শিক্ষক আহত হননি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আজ বৃহস্পতিবার (০৮ ফেব্রুয়ারি ২০১৮) সকাল ৯.৩০ এ সোনাপুর নামক স্থানে বিশ্ববিদ্যালয়ের ৩টি মাইক্রোবাসে হামলার ঘটনা ঘটে। জেলা শহর মাইজদি থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসমুখী শিক্ষকদের বহনকারি ওই মাইক্রোবাসগুলোতে দুর্ভুক্তিকারিরা অতর্কিত হামলা করে। এতে মাইক্রোবাসগুলোর ৫টি কাঁচ ভেঙে যায়। এতদসত্ত্বেও মাইক্রোবাসগুলো যথারীতি শিক্ষকদের নিয়ে ক্যাম্পাসে আসে এবং মাইজদি শহরে অপেক্ষমান শিক্ষকদের আনতে যায়। শহর থেকে বিশ্ববিদ্যালয়মুখী বিশ্ববিদ্যালয়ের পরিবহন পুলের যানচলাচল স্বাভাবিক রয়েছে। উক্ত পরিস্থিতিতেও ক্যাম্পাসে শিক্ষা ও আনুষঙ্গিক কার্যক্রমের কোনো বিঘ্ন ঘটেনি।

ঘটনার বিষয়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এম অহিদুজ্জামান বলেন, হামলার ঘটনায় জড়িতদের চিহ্নিত করা হয়েছে। স্থানীয় পুলিশ প্রশাসনকেও এ বিষয়ে অবহিত করা হয়েছে এবং জড়িতদের গ্রেপ্তারের চেষ্টা চলছে। তিনি বলেন, নোবিপ্রবির সকল শিক্ষক-কর্মকর্তা, শিক্ষার্থী, স্থানীয় প্রশাসন ও এলাকাবাসী ঐক্যবদ্ধ। যেকোনো পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশ্ববিদ্যালয় প্রশাসন সকলকে নিয়ে একত্রে কাজ করবে।

ইফতেখার হোসাইন

জনসংযোগ কর্মকর্তা

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোবিপ্রবি।

মোবা: ০১৭৩৩৯৯৮৮৯৪